

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

ওপেন স্কুল

## এসএসসি প্রোগ্রামে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়- এর ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ:

### ভর্তির যোগ্যতা

জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় পাস/উত্তীর্ণ হতে হবে।

অথবা

যেসব শিক্ষার্থীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের সনদপত্র নেই তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবেন, এক্ষেত্রে বয়স হতে হবে ন্যূনতম ১৪ বছর (৩১/১২/২০২৩ ইং তারিখে)। এসব আবেদনকারীকে যোগ্যতা যাচাইয়ের জন্য বাউবি কর্তৃক নির্ধারিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এজন্য ভর্তির প্রাথমিক আবেদন ফরম ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে। ভর্তি পরীক্ষার বিষয়, মানবন্টন, তারিখ ও পরীক্ষা কেন্দ্র এবং প্রক্রিয়ার বিস্তারিত তথ্য বাউবির ওয়েবসাইট, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্টাডিজ সেন্টার থেকে পাওয়া যাবে।

### প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি।
- জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় পাস/উত্তীর্ণের সনদ।
- জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

### ভর্তি ও অন্যান্য ফি

● অনলাইন আবেদন ফি	১০০
● রেজিস্ট্রেশন ফি	১৫০
● কোর্স ফি (প্রতি কোর্স ৫২৫/-)	৩,৬৭৫
● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক) ব্যবহারিক ফি	১০০
● একাডেমিক ক্যালেন্ডার ফি	৫০
● ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি	২০০
● পরীক্ষা ফি (প্রতি কোর্স ৫০/-)	৩৫০
● প্রথম বর্ষ নথরপত্র ফি	৭০

মোট ভর্তি ফি (ন্যূনতম) ৪,৬৯৫

[ বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের দু'টি ব্যবহারিক কোর্সের জন্য অতিরিক্ত ২০০ টাকা জমা দিতে হবে। ]

- তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীগণ কোর্স ফি'র শতকরা ৬০ ভাগ ছাড় পাবেন।

বি. দ্র. অষ্টম শ্রেণি/সমমান পাসের ক্ষেত্রে শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন অনুযায়ী এক হতে হবে। জেএসসি/জেডিসি পাসের ক্ষেত্রে জেএসসি/জেডিসি সনদ অনুযায়ী হতে হবে। সনদবিহীনদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বা অনলাইন জন্মনিবন্ধন সনদ অনুযায়ী হতে হবে। ২০০৯ সালের পূর্বে অষ্টম শ্রেণি/সমমানের পাসের ক্ষেত্রে আবেদনকারীর জন্য তারিখ সর্বনিম্ন ৩১/১২/১৯৯৭ তারিখ হতে হবে।



## অনলাইনে ভর্তি প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Admission Tab এর অধীনে Open School- এ ক্লিক করে এসএসসি প্রোগ্রামের পাশে প্রদর্শিত View Circular বাটনে ক্লিক করে ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে Apply Now বাটনে ক্লিক করতে হবে। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300×300pixel, JPG Format) এবং স্ক্যান করা স্বাক্ষর (300×100pixel, JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করা শেষে Finish বাটনে ক্লিক করে প্রদর্শিত কোর্সসমূহ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, 'যেসব শিক্ষার্থীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের সনদপত্র নেই তাদেরকে "Upto class 8/JSC or equivalent without certificate" অপশন নির্বাচন করতে হবে। এক্ষেত্রে পরবর্তী ধাপে তাদের জন্য ভর্তির প্রাথমিক আবেদন ফরম ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে। এসব আবেদনকারীকে বাউবি কর্তৃক যোগ্যতা যাচাইয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী ধাপ অনুসরণ করতে হবে'। সঠিকভাবে ফরম পূরণ শেষে শিক্ষার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে এবং প্রদত্ত ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway/System সমূহ থেকে যে কোনো একটির মাধ্যমে ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online-এ ভর্তির আবেদন সম্পন্ন করার পর শিক্ষার্থীর Temporary User ID ও Password ব্যবহার করে OSAPS এ Login করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip-টি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত আবেদনপত্র ও Payment Slip এর সাথে ২ কপি ছবি, জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের সনদ, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে জমা প্রদান করতে হবে। শিক্ষার্থীর সকল তথ্য যাচাই-বাহাই পূর্বক বাউবির ভর্তি কর্মকর্তা শিক্ষার্থীর ID Generate করবেন, যা SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online ভর্তি সংক্রান্ত যে কোনো সমস্যার জন্য ভর্তির তারিখ থেকে পরবর্তী ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে OSAPS Help-line (০১৬১৮৯৭৭২৩৭ ও ০১৯০৭৪৫১৬১২ রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৮:৩০ হতে বিকাল ৩:৩০ পর্যন্ত), ইমেইল ([help.osaps@bou.ac.bd](mailto:help.osaps@bou.ac.bd)) অথবা বাউবির সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে যোগাযোগ করতে হবে।

অনলাইনে ভর্তির জন্য  
কিউআর কোডটি স্ক্যান করুন।



অথবা

সরাসরি অনলাইন ভর্তির জন্য:  
[osapsnew.bou.ac.bd](https://osapsnew.bou.ac.bd)

বিস্তারিত জানতে:  
[www.bou.ac.bd](http://www.bou.ac.bd)

ড. মোঃ জাকিরুল ইসলাম  
সভাপতি  
ভর্তি কমিটি, এসএসসি প্রোগ্রাম  
ওপেন স্কুল, বাউবি।